

প্রভু, আজি তোমার দক্ষিণ হাত রেখো না ঢাকি ।
 এসেছি তোমারে, হে নাথ, পরাতে রাখী ॥
 যদি বাঁধি তোমার হাতে পড়ব বাঁধা সবার সাথে,
 যেখানে যে আছে কেহই রবে না বাকি ॥
 আজি যেন ভেদ নাহি রয় আপনা পরে,
 তোমায় যেন এক দেখি হে বাহিরে ঘরে ।
 তোমা-সাথে যে বিচ্ছেদে ঘুরে বেড়াই কেঁদে কেঁদে
 ক্ষণেক-তরে ঘুচাতে তাই তোমারে ডাকি ॥

Parjaay: Puja, Taal: Kawali, Style: Kirtaner Sur
 Visit www.geetabitan.com for notation and other detail